

ইউনিট-বি
বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ
বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২৬
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং- ১০১১/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৫-২৬/৩৪

তারিখ : ০৪/০৫/২০২৬

শূন্য আসনের জন্য প্রবেশপত্র জমা দেবার বিজ্ঞপ্তি

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ এর ভর্তি কার্যক্রম আগামী ০৭/০৫/২০২৬ তারিখে শেষ হচ্ছে। ইউনিট-বি এর শুধুমাত্র ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগে বাণিজ্য গ্রুপে ৪ টি এবং অ-বাণিজ্য (বিজ্ঞান) গ্রুপে ১ টি সর্বমোট ৫ (পাঁচ) টি আসন শূন্য রয়েছে।

যে সকল পরীক্ষার্থী MCQ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং Subject Choice Form পূরণ করেছে এবং যারা ইতোমধ্যে ইউনিট-বি এর প্রকাশিত মেধা তালিকাগুলোতে ভর্তির সুযোগ পায়নি, শুধুমাত্র তাদের মধ্য হতে অগ্রহী প্রার্থীদের আগামী ০৫/০৫/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে অনুষদ অফিসে (ডীনস কমপ্লেক্স ভবন, ৩য় তলা, রুম # ৩১৮) স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র জমা দেবার জন্য জানানো যাচ্ছে। উল্লেখ্য, যে সকল ভর্তিচ্ছু পরীক্ষার্থী প্রবেশপত্র জমা দেবে শুধুমাত্র তাদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শূন্য আসনের বিপরীতে তালিকা প্রকাশ করা হবে।

আবেদনকারীদের ফলাফল মেধাক্রম অনুযায়ী আগামী ০৬/০৫/২০২৬ তারিখ প্রকাশ করা হবে এবং তালিকায় নির্বাচিত প্রার্থীদেরকে ০৭/০৫/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে অনুষদ অফিসে উপস্থিত হয়ে অবশ্যই ভর্তির সকল কার্যক্রম শেষ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ভর্তির আর কোনো সুযোগ থাকবে না।

প্রকাশিত ফলাফলে বা বিজ্ঞপ্তিতে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন বা বাতিল করার ক্ষমতা ইউনিট-বি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ধন্যবাদান্তে,



০৪/০৫/২০২৬

(প্রফেসর ড. মো. শরিফুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২৬

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।